খাতওয়ারী জুন ২০১৮ সালের সাফল্য- বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী

১। **সর্বমোট অর্জন**। বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী জুন ২০১৮ মাসের **সর্বমোট ১৩৮ কোটি ০৪ লক্ষ ৩৬ হাজার ৯০ টাকার** সাফল্য অর্জন করে।

২। **চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও বনজ সম্পদ রক্ষা অভিযানে আটককৃত উলে-খযোগ্য সাফল্য**। জুন ২০১৮ মাসে চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও বনজ সম্পদ রক্ষা অভিযানে **সর্বমোট ০৩ কোটি ৩৩ লক্ষ ২৫ হাজার ৫৯০ টাকার** অবৈধ পণ্য আটক করা হয়। আটককৃত বিভিন্ন দ্রব্যের বিবরণ নিম্নরূপঃ

ক্রমিক	আটককৃত মালামাল	পরিমাণ	মূল্য (টাকা)
চোরাচালান পণ্য			
১।	অকটেন/ডিজেল	২,২৫০ লিটার	২,২৫,০০০/০০
২।	বার্থিং হাউজার/ওয়্যার রোপ	২,৮৬০ মিটার	৪০,৮০,০০০/০০
৩।	চাউল	১,৭৩০ পিস	১,০২,০৩০/০০
৪।	নগদ টাকা	-	৯,০০০/০০
৫।	পাংগাস পোনা	১০০ কেজি	৩৫,০০০/০০
৬।	পটকাবাজি ও আতশবাজি	৩,৮৩,১৭২ পিস	২১,০৫,৮৬০/০০
৭।	সিলিন্ডার	৬০০ টি	৬,০০,০০০/০০
৮।	সোনা	৬৬০ গ্রাম	২৭,১৬,৯৮০/০০
৯।	অন্যান্য (লোহা)	-	১,৮৫,০০০/০০
অস্ত্র উদ্ধার			
১।	অস্ত্র	০৪ টি	-
২।	তাজা গোলা	০৯ রাউন্ডস	-
৩।	রামদা/ছুরি/দা	০৫ টি	-
মাদকদ্রব্য			
১।	ইয়াবা	৪০,০০০ পিস	২,০০,০০,০০০/০০
২।	বিভিন্ন ধরনের বিয়ার	২,১২৬ বোতল/ক্যান	৭,১১,৭২০/০০
বনজ সম্পদ			
১।	বিভিন্ন প্রকার কাঠ	২৫০ ঘনফুট	৫,০০,০০০/০০
পরিবেশে রক্ষা			
১।	পলিথিন	৭,০০০ কেজি	১০,৫৫,০০০/০০
২।	হরিণের মাথা	০১ টি	-
৩।	হরিণের চামড়া	০১ টি	-
৪।	হরিণের মাংস	২৫৫ কেজি	-
আটককৃত বাহন			
১।	বোট/ট্রাক/মটর সাইকেল	০৩ টি	১০,০০,০০০/০০
আটককৃত জনবল			
১।	বনদস্যু/ডাকাত/অন্যান্য অবৈধ কাজে জড়িত ব্যক্তি	০৬ জন	-
উদ্ধার অভিযান			
১।	যাত্রী উদ্ধার	২৪ জন	-
২।	মৃতদেহ উদ্ধার	০২ জন	-
৩।	অপহৃত জেলে উদ্ধার	৩১ জন	
৪।	অপহৃত বোট উদ্ধার	১০ টি	
		সর্বমোট	**৩,৩৩,২৫,৫৯০/০০**

৩। **মৎস্য সম্পদ রক্ষা অভিযান**। মৎস্য সম্পদ রক্ষা অভিযানে জুন ২০১৮ মাসে **সর্বমোট ১৩৪ কোটি ৭১ লক্ষ ১০ হাজার ৫০০ টাকার** ২,৬৭,৬৭,০০০ মিটার কারেন্ট জাল, ৫৩,৭৮,৪০০ মিটার অন্যান্য জাল, ৫০১ পিস বেহুন্দি/ মশারি জাল, ৯৭০ কেজি জাটকা, ২,১৪,৩৪,০০০ পিস রেনু পোনা, ১৩ টি বোট ও ১৪ জন জেলেকে আটক করা হয়।

৪। **রোহিঙ্গা অনুপ্রবেশ রোধ**। সম্প্রতি মায়ানমারের বর্ডার গার্ড পুলিশ ও রোহিঙ্গাদের মধ্যে সৃষ্ট অস্থিরতার প্রেক্ষিতে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীর স্টেশান টেকনাফ, সেন্টমার্টিন্স ও আউটপোস্ট বাহারছড়া ও শাহপুরীতে অতিরিক্ত জনবল মোতায়েন করা হয়েছে। পাশাপাশি উক্ত স্থানসমূহে সর্বোচ্চ প্রস্তুতি অবলম্বনের মাধ্যমে সার্বক্ষণিক বিশেষ টহল চলমান রয়েছে। এছাড়াও, কোস্ট গার্ড বাহিনী বহরে সদ্য সংযোজিত লিডার ক্লাস অফশোর পেট্রোল ভেসেল (ওপিভি) সমূহ এ কার্যক্রমে নিয়োজিত রয়েছে। কোস্ট গার্ড বাহিনী দায়িত্বপূর্ণ এলাকায় টহল জোরদার করেছে এবং উক্ত এলাকায় অবৈধ অনুপ্রবেশকারীদের গতিবিধির উপর কঠোর নজরদারি বজায় রেখে অবৈধ অনুপ্রবেশ রোধ করা হচ্ছে। বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী কর্তৃক জুন ২০১৮ মাসে মোট ০৬ জন বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিককে সেন্টমার্টিন্স এলাকা হতে আটক করে থায়ংখালী আর্মি ক্যাম্পে হস্তান্তর করা হয়।

৫। **অপহৃত জেলে উদ্ধার**। গত ০১ জুন ২০১৮ তারিখে গোপন সংবাদের মাধ্যমে জানা যায়, দাকোপ থানাধীন সুন্দরবনস্থ মুচিরদুয়ানী খাল এলাকায় একদল ডাকাত কিছু জেলে ও বোট জিম্মি করে রেখেছে। উক্ত সংবাদের ভিত্তিতে সিজি আউটপোস্ট নলিয়ান এর সদস্যরা উক্ত এলাকায় গমন করে তল্লাশি চালাতে থাকে। কোস্ট গার্ড বাহিনীর উপস্থিতি টের পেয়ে ডাকাত দল দৌড়ে পালিয়ে জঙ্গলে ঢুকে যায় এবং বনের ভিতর তল্লাশি চালিয়ে কোস্ট গার্ড সদস্যরা ১৮ জন জেলেকে উদ্ধার করে। অভিযান দলের নিকট জেলেরা ডাকাত দ্বারা জিম্মি হওয়ার কথা জানায় এবং ডাকাত দল ০১ টি ডাকাতির কাজে ব্যবহৃত বোট ও জেলেদের ১০টি বোট খালের পাশে রেখে জঙ্গলে পালিয়ে যায় বলে উল্লেখ করেন। পরবর্তীতে উক্ত এলাকায় ব্যাপকভাবে তল্লাশি চালিয়ে আর কোন কিছু না পেয়ে উদ্ধারকৃত ১৮ জন জেলে এবং ১০ টি বোট ৫ নং সুতারখালী ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের নিকট হস্তান্তর করা হয় এবং আটককৃত ডাকাতের বোটটি নলিয়ান ফরেস্ট অফিসে হস্তান্তর করা হয়। এছাড়াও গত ১৪ জুন ২০১৮ তারিখে গোপন সংবাদের ভিত্তিতে কোস্ট গার্ড বাহিনীর সিজি স্টেশান কাগাদোবেকী কয়রা থানাধীন ভায়লার চর এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করে ডাকাত আনোয়ারুল বাহিনীর নিকট হতে অপহৃত ১৩ জন জেলেকে উদ্ধার করে। উদ্ধারকৃত জেলেদেরকে ৭ নং বেতকাসী ইউপি চেয়ারম্যানের কাছে হস্তান্তর করা হয়।

৬। **বনদস্যু দমন অভিযান**। গত ০৪ জুন ২০১৮ তারিখে গোপন সংবাদের ভিত্তিতে কোস্ট গার্ড বাহিনীর সিজি বেইস ভোলা এবং সিজি স্টেশান হাতিয়া যৌথভাবে হাতিয়া থানাধীন জাগলার চর সংলগ্ন এলাকায় অভিযান পরিচালনা করে। কোস্ট গার্ড বাহিনীর উপস্থিতি বুঝতে পেরে বনদস্যু আলাউদ্দিন বাহিনীর সদস্যগণ কোস্ট গার্ড বাহিনী সদস্যদের উপর গুলি চালায় এবং এক পর্যায়ে কোস্টগার্ড বাহিনীর সদস্যরাও পাল্টা গুলি চালায়। গোলাগুলির এক পর্যায়ে ডাকাত দলের সদস্যগণ উক্ত স্থান হতে পালাবার চেষ্টাকালে ০২ টি শুটার গান, ০৬ রাউন্ডস তাজাগোলা, ০১ টি রামদা, ০২ টি ছুরি, ০২ টি দা ও ০৪ টি মোবাইলসহ (আলাউদ্দিন বাহিনীর) ০৩ জন সদস্যকে আটক করা হয়। পরবর্তীতে আটককৃত বনদস্যু, অস্ত্র ও তাজাগোলা হাতিয়া থানায় হস্তান্তর করা হয়।

৭। **চোরাচালান বিরোধী অভিযান**। গত ০৯ জুন ২০১৮ তারিখে গোপন সংবাদের ভিত্তিতে সিজি স্টেশান মংলা ও সিজি স্টেশান রুপসা খুলনা থানার অন্তর্গত ০৬ নং ঘাট এলাকায় একটি বিশেষ অভিযান পরিচালনা করে। অভিযানকালে কোস্ট গার্ড বাহিনীর সদস্যরা ৩,৮১,১৭২ পিস অবৈধ বিদেশী পটকাবাজি ও ২,০০০ পিস আতশবাজি আটক করে যার আনুমানিক মূল্য ২১,০৫,৮৬০/০০ (একুশ লক্ষ পাঁচ লক্ষ আটশত ষাট মাত্র)। পরবর্তীতে আটককৃত মালামাল খুলনা কাস্টমস এর নিকট হস্তান্তর করা হয়।

৮। **বিশেষ অভিযান**। গত ০৮ জুন ২০১৮ তারিখে গোপন সংবাদের ভিত্তিতে কোস্ট গার্ড বাহিনীর সিজি স্টেশান সুপতি কয়রা শরনখোলা থানাধীন বলেশ্বর নদী হতে বিশেষ অভিযান পরিচালনা করে ২৪০ কেজি হরিণের মাংস ও ০১ টি বোটকে উদ্ধার করা হয়। উদ্ধারকৃত হরিণের মাংস ও বোট সুপতি ফরেস্ট অফিসে হস্তান্তর করা হয়।

৯। **উদ্ধার অভিযান**। গত ১১ জুন ২০১৮ তারিখে বাকখালী নদীর মোহনায় ০২ টি স্পিড বোট যাত্রীসহ আংশিকভাবে ডুবে যায়। পরবর্তীতে সিজি স্টেশান কক্সবাজার এর সদস্যরা ঘটনাস্থলে গিয়ে ২৪ জন যাত্রীকে (১৫ জন পুরুষ, ০৬ জন মহিলা ও ০৩ জন শিশু) উদ্ধার করে। উদ্ধারকৃত বোটকে মালিকের নিকট হস্তান্তর এবং যাত্রীদেরকে বিআইডব্লিউটিএ জেটি ঘাটে নামিয়ে দেয়া হয়।

১০। **অবৈধভাবে সমুদ্রসীমা অতিক্রমকারী বিদেশী নাগরিক/ মৎসজীবীদের পরিসংখ্যান**। জুন ২০১৮ মাসে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী কর্তৃক অবৈধভাবে সমুদ্রসীমা অতিক্রমকারী বিদেশী নাগরিক/ মৎসজীবী আটক করা হয় নাই।